

নোটিশ-৩০৬ ও ৩০৭/২০২০  
মন্ত্রণালয়  
স্বাক্ষর  
১৫/০৬/২০২০



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড  
প্রধান কার্যালয়  
পরিকল্পনা অধিশাখা  
রাঙ্গামাটি

রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি  
নথিভুক্ত নং-.....২০৬.০.....  
সংরক্ষিত ফাইল নং- +15/22.....  
গ্রহণের তারিখ:.....



প্রহিতার স্বাক্ষর

নম্বর ২৯.৩১.০০০০.০০৮.৩১.০০১.১৯-৭৯

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮

০৫ মে ২০২১

অনলাইনে ২০২০-২০২১ অর্থ বছরে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

চলতি ২০২০-২০২১ অর্থ বছরে "পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান" এর লক্ষ্যে দেশের বিভিন্ন কলেজ/ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসকারী বিভিন্ন সম্প্রদায়ের মেধাবী ছাত্র-ছাত্রী এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের পোষ্যদের নিকট হতে শুধুমাত্র অনলাইনে শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। বোর্ডের ওয়েবসাইট [www.chtdb.gov.bd](http://www.chtdb.gov.bd)-এর হোম পেজে "অনলাইন সেবাসমূহ" মেনু থেকে "শিক্ষাবৃত্তির আবেদন" অংশে আবেদন ফর্মটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত সনদসমূহের মূলকপি স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন করতে হবে:

১. স্ব স্ব জেলা প্রশাসক/সার্কেল চিফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ;
  ২. উপজেলা চেয়ারম্যান/পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/আইনানুগ অভিভাবকের বাৎসরিক আয়ের সনদ (পিতা/আইনানুগ অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ);
  ৩. সর্বশেষ সেমিস্টার/লেভেল/বর্ষের নম্বরপত্র বা সার্টিফিকেট; (জানুয়ারি' ২০১৯ খ্রি: এর পূর্বে প্রকাশিত ফলাফল গ্রহণযোগ্য নহে);
  ৪. করোনা ভাইরাসজনিত রোগ "কোভিড-১৯" এর প্রাদুর্ভাবের কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তাই, শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত থাকার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র অথবা পরিচয় পত্র (এক্ষেত্রে মেয়াদউত্তীর্ণ পরিচয়পত্র গ্রহণযোগ্য হবে না) অথবা ভর্তির রসিদ (যারা স্ব স্ব কোর্সে নতুন ভর্তি হয়েছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য) অথবা সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে/কোর্সে বর্তমানে অধ্যয়নরত থাকার অন্য কোন বৈধ/গ্রহণযোগ্য প্রমাণক সংযুক্ত করে আবেদন করতে হবে।
  ৫. বিশেষ কোটার (যদি থাকে) স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র;
  ৬. দাপ্তরিক কাজে ব্যবহারযোগ্য আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০x৩০০ পিক্সেল), স্বাক্ষর (৩০০x৮০ পিক্সেল) এবং অন্যান্য সনদ (১০০০x৭৫০ পিক্সেল) হতে হবে;
- আবেদনকারী কর্তৃক দাখিলকৃত সনদপত্রসমূহ যাচাই-বাছাই এর নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা হবে। সনদপত্রে কোনো প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, স্ক্যান ব্যতীত ছবি তুলে সংযুক্ত করা সনদপত্র গ্রহণযোগ্য হবে না। সেক্ষেত্রে, মোবাইলে সাপোর্ট করে এমন সফটওয়্যার দিয়ে স্ক্যান করে সংযুক্ত করা যেতে পারে।

আবেদনের সময়সীমা: ১১ মে হতে ১০ জুন ২০২১ খ্রি:।

এতদসংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।



৫-৫-২০২১

ড. প্রকাশ কান্তি চৌধুরী

সদস্য-পরিকল্পনা

ফোন: ০৩৫১-৬৩৩১৫

ইমেইল: mp@chtdb.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ভাইস-চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
- ২) সদস্য-প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব), সদস্য-প্রশাসন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
- ৩) সদস্য-বাস্তবায়ন, সদস্য-বাস্তবায়ন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
- ৪) উপ পরিচালক, প্রশাসন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
- ৫) জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সদস্য-প্রশাসন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
- ৬) সহকারী পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) সম্পাদক, দৈনিক জনকণ্ঠ, রাজামাটি (আগামী ০৬/০৫/২০২১ খ্রি: তারিখের মধ্যে স্বল্পতম পরিসরে একবার প্রকাশ করে ০২ কপি সৌজন্য সংখ্যাসহ বিল দাখিলের অনুরোধসহ)
- ৮) সম্পাদক, দৈনিক পার্বত্য চট্টগ্রাম, পৌর মার্কেট, রাজামাটি (আগামী ০৬/০৫/২০২১ খ্রি: তারিখের মধ্যে স্বল্পতম পরিসরে একবার প্রকাশ করে ০২ কপি সৌজন্য সংখ্যাসহ বিল দাখিলের অনুরোধসহ)
- ৯) সম্পাদক, দৈনিক অরণ্যবার্তা, খাগড়াছড়ি (আগামী ০৬/০৫/২০২১ খ্রি: তারিখের মধ্যে স্বল্পতম পরিসরে একবার প্রকাশ করে ০২ কপি সৌজন্য সংখ্যাসহ বিল দাখিলের অনুরোধসহ)
- ১০) সম্পাদক, দৈনিক নতুন বাংলাদেশ, বান্দরবান (আগামী ০৬/০৫/২০২১ খ্রি: তারিখের মধ্যে স্বল্পতম পরিসরে একবার প্রকাশ করে ০২ কপি সৌজন্য সংখ্যাসহ বিল দাখিলের অনুরোধসহ)